



# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ  
সাধারণ শাখা

[www.manikganjpourashava.com](http://www.manikganjpourashava.com)

“শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-২০২৪/৪২১

তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.

## “গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভার কার্যবিবরণী”

- ০১। সভার সভাপতি : জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, গণযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
- ০২। সভার নাম : গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভা।
- ০৩। সভার তারিখ : ২১/০৩/২০২৪ইং।
- ০৪। সভার বার : বৃহস্পতিবার
- ০৫। সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।
- ০৬। সভার স্থান : পৌর নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ, মানিকগঞ্জ পৌরসভার।

### সভায় উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভাপতি জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে গণযোগাযোগ সেল (MCC) কমিটির সভার সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলামকে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

### ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও স্থিরিকরণ :-

**আলোচনা :** সভাপতির অনুমতিক্রমে সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভা- গণযোগাযোগ সেল (MCC) কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। বিগত ০৩/১২/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী শ্রবনান্তে উক্ত সভার কার্যবিবরণীর উপর আলোচনা করেন।

**সিদ্ধান্তঃ-** বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন রূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করার সুপারিশ গৃহীত হলো।

### (২) ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা :

**আলোচনা :** সভার সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ করেছেন। জেলা প্রশাসক কার্যালয়ের উক্ত দিবসের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত দিবস পালন উপলক্ষ্যে জেলা প্রশাসকের প্রেরিত কার্যবিবরণীর নির্দেশনা প্রতিপালন করা যেতে পারে। যেমন : ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ২০২৪ উপলক্ষে পৌরসভার গুরুত্বপূর্ণ রাস্তা, পৌরসভা কার্যালয় (পানি সরবরাহ অফিস সহ) আলোক সজ্জার কাজ বাস্তবায়ন সহ বঙ্গবন্ধু স্মৃতিফলকে র্যালি যোগে পুষ্পস্তবক অর্পণ উপলক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতিফলকে পুষ্প স্তবক অর্পণ ও পৌর শহর পরিষ্কার পরিচ্ছন্নতা কাজ বাস্তবায়ন সহ

  
মোঃ বজলুর রহমান  
পৌর নির্বাহী কর্মকর্তা  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ শহরের বিভিন্ন সড়ক জাতীয় পতাকা দ্বারা বর্ণিলভাবে সজ্জিতকরণ সহ এবং বিভিন্ন ধরনের খেলায় অংশগ্রহণ এবং পুরস্কার ক্রয় বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী মোতাবেক উক্ত দিবসের কর্মসূচি সমূহ যথাযথ ভাবে প্রতিপালনের সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

### (৩) পৌরসভার বিভিন্ন তথ্য প্রচার প্রচারনা প্রসঙ্গে আলোচনা :

আলোচনা : সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে জানান যে, পৌরসভার সেবা গ্রহিতা ও সেবা প্রদান সংক্রান্ত সকল তথ্য সঠিক ভাবে প্রচারের নিমিত্তে পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রচার প্রয়োজন। এ প্রসঙ্গে তিনি আরো জানান এখনো অনেক শাখা রয়েছে যারা সঠিক ভাবে তাদের তথ্য ওয়েব সাইডে প্রেরন করে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে পৌরসভার সেবা প্রদান ও সেবা গ্রহিতার সেবা সমূহ বিভিন্ন টেন্ডার কার্যক্রম, ইজারা কার্যক্রম ও বিভিন্ন ধরনের সেবা প্রদানের নতুন নতুন তথ্য উদ্ভাবনের বিষয় সমূহ পৌরসভার নোটিশ বোর্ড, পৌরসভার ফেসবুক ও পৌরসভার ওয়েব সাইডে প্রকাশের সুপারিশ গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষার আহবান জানান এবং অগ্রীম ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্মারক নং- মাপৌ/প্রশাঃ-২০২৪/৪২১


#### অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০১। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা।

০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব ..... সদস্য গনযোগাযোগ সেল (MCC) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

  
(মোঃ বজলুর রহমান) মোঃ বজলুর রহমান  
পৌর নির্বাহী কর্মকর্তা পৌর নির্বাহী কর্মকর্তা  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ও  
সভাপতি  
গনযোগাযোগ সেল (MCC) কমিটি  
তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.

  
পৌর নির্বাহী কর্মকর্তা মোঃ বজলুর রহমান  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ পৌর নির্বাহী কর্মকর্তা  
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।  
সভাপতি  
গনযোগাযোগ সেল (MCC) কমিটি